**<u>চট্টগ্রাম ওয়াসার পানির বিল অনলাইনে একটি এসএনডি</u>**

**<u>হিসাবের মাধ্যমে সংগ্রহের জন্য চুক্তিপত্র</u>**

এই চুক্তি পত্র অদ্য ইংরেজী ২০২৫ (দুই হাজার পঁচিশ) সালের.................. তারিখে নিম্নলিখিত পক্ষদ্বয়ের মধ্যে স্বাক্ষরিত ও সম্পাদিত হল।

এই চুক্তির মেয়াদ ২(দুই) বছর অর্থাৎ ২০২৭ (দুই হাজার সাতাশ) সালের.................. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে এবং দুই পক্ষের সম্মতিতে তা নবায়ন করা যাবে।

**চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (CWASA)** যা ১৯৯৬ সালের ওয়াসা **act** অনুযায়ী প্রতিষ্ঠিত এবং নিবন্ধিত, কার্যালয় ওয়াসা ভবন, এম.এম. আলী রোড, দামপাড়া, চট্টগ্রাম এ অবস্থিত। যা এই চুক্তিনামায় পরবর্তীতে **"চট্টগ্রাম ওয়াসা"** হিসাবে অভিহিত হবে যার দ্বারা এর স্বার্থ সংশ্লিষ্ট উত্তরাধিকারী এবং প্রদায়কগণকে ও বুঝাবে এবং **এই চুক্তিপত্রে ১ম পক্ষ হিসেবে অভিহিত হবে।**

বনাম

**(ব্যাংকের নাম ও ঠিকানা),** ১৯৯১ সালের ব্যাংক কোম্পানী আইন অনুযায়ী প্রতিষ্ঠিত একটি তফশীলি বাণিজ্যিক ব্যাংক যার প্রধান কার্যালয় (সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ের নাম ও ঠিকানা) এ অবস্থিত এবং বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত (পরবর্তীতে যা **"ব্যাংক"** হিসাবে গণ্য করা হবে যার দ্বারা এর স্বার্থ সংশ্লিষ্ট উত্তরাধিকারী, আইনগত প্রতিনিধি, প্রশাসকগণ এবং প্রদায়কগণকেও বুঝাবে) এবং **এই চুক্তিপত্রে ২য় পক্ষ হিসেবে অভিহিত হবে।**

**চুক্তি পত্রের শর্তাবলীঃ**

১। ১ম পক্ষ (চট্টগ্রাম ওয়াসা) সেবা প্রদানকারী সরকারী সংস্থার সম্মানিত গ্রাহকগণ প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে পানির বিল পরিশোধের নিমিত্তে ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক কোনোরূপ অতিরিক্ত চার্জ ব্যতিরেকে বিধি সংগতভাবে তা গ্রহণ করবে।

২। সম্মানিত গ্রাহকবৃন্দের নিকট হতে পানির বিলের বিপরীতে ২য় পক্ষ নগদ অর্থ/চেক/পে-অর্ডার গ্রহণ করবে|

৩। (ক) ১ম পক্ষ (চট্টগ্রাম ওয়াসা) চট্টগ্রাম মহানগরীতে অবস্থিত ২য় পক্ষের (ব্যাংকের) সকল শাখার মাধ্যমে

অনলাইনে পানির বিলের বিপরীতে সংগ্রহীত অর্থ জমা করার জন্য ব্যাংক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে **(সংশ্লিষ্ট ব্যাংকের নির্দিষ্ট শাখার নাম ও ঠিকানা)** ১টি স্বল্পমেয়াদী নোটিশ হিসাব (SND) পরিচালনা করবে যা **"কালেকশন হিসাব"** নামে পরিগণিত হবে। উক্ত এসএনডি হিসাবটি **Master Account** হিসেবে পরিচালিত হবে। পরবর্তীতে মহানগরীতে ব্যাংকের শাখার সংখ্যা বৃদ্ধি পেলে, সেসকল শাখার মাধ্যমে পানির বিলের বিপরীতে সংগ্রহীত অর্থ এই এসএনডি হিসাবে জমা করবে। উক্ত এসএনডি একাউন্ট হতে কোন সার্ভিস চার্জ বা চেক বই চার্জ কর্তন করা হবেনা এবং প্রয়োজন অনুসারে ১ম পক্ষ অর্থ উত্তোলন করতে পারবে ও ১ম পক্ষ কর্তৃক কোন নির্দিষ্ট অংকের অর্থ রাখার বাধ্যবাধকতা থাকবে না। STD-এর বিপরীতে চেক ইস্যু করেও অর্থ উত্তোলন করা যাবে।

(খ) ২য় পক্ষের প্রতিটি শাখা গ্রাহক হতে আদায়কৃত পানির বিলের অর্থের পরিমাণ, গ্রাহক হিসাব নম্বর ও বিল নম্বর উল্লেখপূর্বক চট্টগ্রাম ওয়াসা কর্তৃক সরবরাহকৃত ওয়েবসাইটে (পেমেন্ট পোস্টিং সিস্টেম) ঐ দিনই এন্ট্রি নিশ্চিত করবে। এন্ট্রিকৃত বিলসমূহের সামারি ও ডিটেলস রিপোর্ট, প্রতি সপ্তাহের প্রথম কার্যদিবসে অনলাইন পোস্টিং সিস্টেম হতে প্রিন্ট করতঃ সংগৃহিত পানির বিলের কপি সহ কম্পিউটার প্রোগ্রামার, আই.সি.টি সার্কেল, চট্টগ্রাম ওয়াসা – এর বরাবরে প্রেরণ করবে।

(গ) ২য় পক্ষের কোন শাখা ১ম পক্ষের গ্রাহক হতে পানির মাসিক বিল, ডুপ্লিকেট বিল, অনলাইন হতে প্রিন্টকৃত বিল, ইনস্টলমেন্ট বিল গ্রহণে অনীহা প্রকাশ করলে ১ম পক্ষ এই চুক্তি বাতিল করতে পারবে।

(ঘ) এসএনডি হিসাব সংশ্লিষ্ট প্রতিবেদন ব্যাংক/শাখা কর্তৃক পরিচালিত সফ্টওয়্যার হতে তদসংশ্লিষ্ট হার্ডকপি (সকল শাখা হতে সংগ্রহ করতঃ) প্রতি সপ্তাহের প্রথম কার্যদিবসে স্বাক্ষরসহ প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, চট্টগ্রাম ওয়াসা –এর বরাবরে প্রেরণ করবে।

(ঙ) প্রতি মাসের ব্যাংক বিবরণী পরবর্তী মাসের প্রথম কার্যদিবসে স্বাক্ষরসহ প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, চট্টগ্রাম ওয়াসা –এর বরাবরে প্রেরণ করবে।

৪। (ক) ২য় পক্ষ কর্তৃক পানির বিলের আদায়কৃত অর্থ প্রতি সপ্তাহের প্রথম কার্যদিবসে অথবা ১ম পক্ষের প্রয়োজন অনুসারে যেকোন দিন জনতা ব্যাংক লিঃ, ওয়াসা কর্পোরেট শাখা, চট্টগ্রাম –এ ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসার অনুকূলে এসএনডি হিসাব নং- ০০৪০০০২৯৩ যার অনলাইন হিসাব নং: ০১০০০১৪৫৪৩১১৭ –এ পে-অর্ডার / ইএফটিএন মাধ্যমে প্রেরণ করবে, অন্যথায় চেক ইস্যু এর মাধ্যমে উক্ত সংগৃহিত অর্থ আনয়ন করা হবে।

(খ) পানির বিলের সাথে প্রাপ্ত সমুদয় সারচার্জ, ২য় পক্ষের বিভিন্ন শাখা কর্তৃক প্রতিদিন আদায়কৃত সারচার্জ জনতা ব্যাংক লিঃ, ওয়াসা কর্পোরেট শাখা, চট্টগ্রাম -এ ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা নামীয় SND হিসাব নং-০১০০২৪০৩০৩৬৯২ এ জমা নিশ্চিত করতে হবে।

(গ) পানির বিলের সাথে প্রাপ্ত সমুদয় মূল্য সংযোজন কর (ভ্যাট), ব্যাংক কর্তৃক নিজ উদ্যোগে ১টি হিসাব খুলে জমা রাখবে। উক্ত হিসাব হতে কোন সার্ভিস চার্জ বা চেক বই চার্জ কর্তন করা হবেনা। প্রতি মাসের শুরুতে তিন কার্যদিবসের মধ্যে উক্ত অর্থ কর সংশ্লিষ্ট হিসাবে (জনতা ব্যাংক লিঃ, ওয়াসা কর্পোরেট শাখা, চট্টগ্রাম, এসএনডি হিসাব নং-০০৪০০০১৩৪, অনলাইন হিসাব নং: ০১০০০১৪৫৪৩৩৬২) প্রেরণ করতে ২য় পক্ষ বাধ্য থাকবে। মূল্য সংযোজন কর সংক্রান্ত যাবতীয় তথ্য/ প্রতিবেদন (মাসভিত্তিক) সংগৃহিত মাসের পরবর্তী প্রথম ০৩ কার্যদিবসের মধ্যে ২য় পক্ষ চট্টগ্রাম ওয়াসা কর্তৃপক্ষকে প্রেরণ নিশ্চিত করবে।

৫। গ্রাহক কর্তৃক উপস্থাপিত পানির বিলে কোন ধরনের পরিবর্তন/অস্পষ্টতা থাকলে অথবা কোন প্রকার অসংগতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট বিল গ্রহণকারী কর্মকর্তা বিল গ্রহণ করা হতে বিরত থাকবে এবং তৎক্ষণাৎ চট্টগ্রাম ওয়াসার আই.সি.টি সার্কেলে যোগাযোগ করবে। যোগাযোগের বিবরণ, ফোন: ০২৩৩৩৩৬৪১৮৪, ই-মেইল: info@ctg-wasa.org.bd অথবা সরাসরি।

৬। পানির বিল মোট ০২ (দুই) কপি থাকবে। তৎমধ্যে ০১ (এক) কপি ("Consumer Copy") গ্রাহককে ফেরৎ দিতে হবে এবং অপর কপি অনলাইন পোস্টিং সিস্টেমে এন্ট্রিকৃত বিলের প্রতিবেদন সহ কম্পিউটার প্রোগ্রামার, চট্টগ্রাম ওয়াসার নিকট প্রেরণ করতে হবে। সকল কপিতে স্ক্রল নাম্বার, কর্মকর্তার স্বাক্ষর ও ব্যাংকের সীল থাকতে হবে।

৭। কোন বিল গ্রহণ করার সময় ব্যাংক আদায়কৃত টাকার অংক সুপাঠ্যভাবে অংকে ও কথায় লিখবে। বিলের সব কপিতে ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর নির্ধারিত স্থানে অবশ্যই থাকবে এবং সরকারি বিধি মোতাবেক গ্রাহক কপিতে রাজস্ব ষ্ট্যাম্প লাগাতে হবে।

৮। পানির বিল আদায় ও এসএনডি হিসাব সংরক্ষনের জন্য ১ম পক্ষ, ২য় পক্ষকে কোন সার্ভিস চার্জ প্রদান করবেনা।

৯। চট্টগ্রাম ওয়াসার মনোনীত কোন প্রতিনিধি এবং অডিট টিম কালেকটিং শাখাগুলোকে পানির বিল আদায় সংক্রান্ত প্রয়োজনীয় নিরীক্ষার জন্য সংশ্লিষ্ট রেকর্ড দেখতে চাইলে ঐ শাখা তা দেখাতে বাধ্য থাকবে। সংশ্লিষ্ট শাখা অনলাইনে দৈনিক অর্থ প্রেরণ করলেও তার পূর্ণাঙ্গ হিসাব ঐ শাখাকে সংরক্ষণ/প্রেরণ করতে হবে।

১০। পানির বিলের **"Due Date of Payment"** অনুযায়ী আদায়কৃত বিলে কোন সারচার্জ দিতে হবেনা। কোনো কারনে বিল পরিশোধের তারিখ অতিবাহিত হলে পরবর্তী এক মাস পর্যন্ত ৫%, তৎপরবর্তী ২য় মাস পর্যন্ত ১০% এবং এরপর ৩য় মাস হতে ১৫% হারে সারচার্জ উল্লিখিত বিলের অংকের সাথে যোগ করে গ্রহণ করতে হবে। বিভিন্ন হারে সারচার্জের হিসাবটি বিলের নিম্নাংশে উল্লেখ করা থাকবে।

১১। কোনো অনিবার্য কারনে গ্রাহকের পরিশোধিত বিলটি ২য় পক্ষ অনলাইন পোস্টিং সিস্টেমে এন্ট্রি না করলে এবং পরবর্তীতে এ বিষয়ে গ্রাহক হতে অভিযোগ পাওয়া গেলে তা অগ্রাধিকারভিত্তিতে ২য় পক্ষকে না করার কারণ ব্যাখ্যা সহ সমাধান করতে হবে এবং তদসংক্রান্ত পাওনাদি ১ম পক্ষকে পরিশোধ করতে হবে।

১২। প্রাকৃতিক দূর্যোগ ও মানব সৃষ্ট দূর্যোগ (যথাঃ দাংগা, ধর্মঘট, হরতাল, মেজর পাওয়ার ফেলিউর, সার্ভার ডাউন, সিস্টেম মেইনটেনেন্স প্রভৃতি) এর কারণে যদি চুক্তির কোন ধারা / উপ-ধারার শর্ত পালন করতে কোন পক্ষ অপারগ/ব্যর্থ হয় তাহলে আলোচনা করে তা নিস্পত্তি করতে হবে।

১৩। চট্টগ্রাম ওয়াসার অনলাইন পোস্টিং সিস্টেমে পানির বিল এন্ট্রি করার জন্য ব্যাংকের প্রত্যেক শাখার বিল গ্রহণকারী ও এন্ট্রি প্রদানকারী কমপক্ষে ২ (দুই) জন কর্মকর্তাকে নিযুক্ত করবে যাদেরকে চট্টগ্রাম ওয়াসার পক্ষ হতে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা বদলী হলে পরবর্তীতে উক্ত পদপ্রাপ্ত কর্মকর্তা চট্টগ্রাম ওয়াসা হতে প্রশিক্ষণ গ্রহণের পর বিল গ্রহণ করতে পারবেন। এই চুক্তিপত্র স্বাক্ষরিত হওয়ার পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে ২য় পক্ষের তরফ হতে এসএনডি হিসাব খোলা, ১ম পক্ষের তরফ হতে অনলাইন পোস্টিং সিস্টেমে Access প্রদান, চট্টগ্রাম ওয়াসার সফ্টওয়্যার- এ পানির বিল এন্ট্রি কার্যক্রমের উপর প্রশিক্ষণ গ্রহণ ও প্রদান ইত্যাদি কার্যক্রম উভয়পক্ষকে সম্পন্ন করতে হবে।

১৪। অনলাইন পোস্টিং সিস্টেমে ২য় পক্ষের (চুক্তিবদ্ধ ব্যাংক) প্রতিটি শাখা অথবা নির্বাচিত শাখার জন্য দুইজন করে ব্যবহারকারী একসেস পাবে। এ সংক্রান্ত **"Credentials"** সংশ্লিষ্ট ব্যাংক /শাখায় প্রেরণ করা হবে। একবার **User ID/Password** হস্তান্তর করা হলে অনলাইন পোস্টিং সিস্টেমের ঐ নির্দিষ্ট একাউন্টের যাবতীয় এন্ট্রি এবং তদসংক্রান্ত হিসাবের দায়ভার সংশ্লিষ্ট ব্যাংক/শাখা এবং প্রযোজ্য ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির উপর বর্তাবে। ২য় পক্ষের শাখা বৃদ্ধি পেলে তা ১ম পক্ষকে অর্থাৎ, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে চিঠির মাধ্যমে জানাবে। পানির বিল পরিশোধের পর গ্রাহক হয়রানির (অনলাইনে পানির বিল পোষ্টিং না করা, বিলের

অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না করা) শিকার হলে সেই বিষয়ে যোগাযোগ করার জন্য ২য় পক্ষ (চুক্তিবদ্ধ ব্যাংক) এর নির্দিষ্ট একজন কর্মকর্তার নাম ................., পদবী ................., ফোন/মোবাইল নম্বর ................. ও ই-মেইল আইডি ................. প্রদান করতে হবে। উক্ত কর্মকর্তা বদলী হলে পরবর্তীতে উক্ত পদপ্রাপ্ত কর্মকর্তার উপরে এই দায়িত্ব বর্তাবে।

১৫। জনস্বার্থে ২য় পক্ষ (চুক্তিবদ্ধ ব্যাংক) ১ম পক্ষ (চট্টগ্রাম ওয়াসা) এর বিল আদায় সংক্রান্ত প্রচারণা চালাবে এবং প্রযোজ্য ক্ষেত্রে ১ম পক্ষ ২য় পক্ষের নির্দিষ্ট শাখায় গ্রাহকের সুবিধাজনক উপায়ে বিল প্রদানের জন্য পরার্মশ প্রদান করতে পারবে।

১৬। এই চুক্তি বাস্তবায়নে বা অন্যকোনরুপ সমস্যা দেখা দিলে ১ম পক্ষ (চট্টগ্রাম ওয়াসা) ও ২য় পক্ষ পরস্পর আলোচনা করে তা নিস্পত্তি করবে।

১৭। এই চুক্তিপত্র বাতিল করতে হলে যেকোন পক্ষ নূন্যতম ৯০ (নব্বই) দিনের নোটিশ প্রদানপূর্বক বাতিল করতে পারবে। তবে উক্ত ৯০ (নব্বই) দিনের মধ্যে উভয়পক্ষ দায়-দেনা পারস্পরিক সমঝোতার মাধ্যমে সমন্বয় সাধন করতে হবে।

১৮। চুক্তিবদ্ধ ব্যাংক (২য়পক্ষ) চুক্তির শর্ত মানতে অনীহা প্রকাশ করলে অথবা চুক্তিতে উল্লেখিত চাহিত প্রতিবেদন, পানির বিলের সংগৃহিত অর্থ, পানি করের টাকা স্থানান্তরে বিলম্ব হলে অথবা যেকোনো নিয়মের কোনোরূপ ব্যাত্যয় ঘটলে, চট্টগ্রাম ওয়াসা (১ম পক্ষ) এই চুক্তি অবিলম্বে বাতিল করার ক্ষমতা রাখবে।

১৯। চুক্তি বাতিল হলে অথবা কোন অনিবার্য কারণে নবায়ন না হলে, ২য় পক্ষ (চুক্তিবদ্ধ ব্যাংক), চট্টগ্রাম ওয়াসার গ্রাহক হতে যেকোন ধরনের বিল / বিল সংক্রান্ত লেনদেন হতে বিরত থাকবে।

২০। চুক্তি বাতিল হলে অথবা কোন অনিবার্য কারণে নবায়ন না হলে, পরবর্তীতে গ্রাহকের বিল পরিশোধ সম্পর্কিত যেকোন অভিযোগ সমাধানকল্পে ২য় পক্ষ বাধ্য থাকবে এবং তদসংক্রান্ত পাওনাদি ১ম পক্ষকে পরিশোধ করবে।

২১। এ চুক্তিপত্রের কোন শর্ত ব্যাখ্যায় চুক্তি সংশ্লিষ্ট পক্ষদ্বয়ের মধ্যে কোন মতদ্বৈততা বা বিরোধ দেখা দিলে, তা যথাসম্ভব আলাপ আলোচনার মাধ্যমে মীমাংসা করা হবে। এরূপ মীমাংসার প্রচেষ্টা ব্যর্থ হলে, সালিশ আইন, ২০০১ (২০০১ সনের ১নং আইন) অনুসারে সালিশের মাধ্যমে তা নিষ্পন্ন করা হবে।চুক্তির মেয়াদান্তে অনিবার্য

কারণবশতঃ পক্ষদ্বয়ের মধ্যে নূতন চুক্তি সম্পাদন/নবায়ন না হওয়া পর্যন্ত অন্তর্বর্তীকালীন সময়ের জন্য চট্টগ্রাম ওয়াসার গ্রাহকের বিল আদায় অব্যাহত থাকবে এবং এ চুক্তির শর্তানুসারে আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট হিসাবে জমা দিতে হবে।

অত্র চুক্তি **০৬ (ছয়)** পাতায় সমাপ্ত এবং স্বাক্ষী প্রত্যেক পক্ষের ২ (দুই) জন করে মোট ৪ (চার) জন।

এতদ্বার্থে. স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীরে, অন্যের বিনা প্ররোচনায় আমরা পক্ষদ্বয় নিজ নিজ সহি স্বাক্ষর করলাম।

ইতি- তাং-

| ১ম পক্ষের স্বাক্ষর | ২য় পক্ষের স্বাক্ষর |
|---|---|
| ১ম পক্ষের স্বাক্ষীগণের স্বাক্ষর, নাম ও পদবি | ২য় পক্ষের স্বাক্ষীগণের স্বাক্ষর, নাম ও পদবি |
| ১।স্বাক্ষর:________________________ | ১।স্বাক্ষর:________________________ |
| নাম:____________________________ | নাম:___________________________ |
| পদবি:___________________________ | পদবি:__________________________ |
| ২।স্বাক্ষর:________________________ | ২।স্বাক্ষর:________________________ |
| নাম:____________________________ | নাম:____________________________ |
| পদবি:___________________________ | পদবি:_____________________ |